

💵 ছালাতুর রাসূল (ছাঃ)

বিভাগ/অধ্যায়ঃ প্রয়োজনীয় সূরা সমূহ (السور الضرورية) রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

- (২) সুরা 'আদিয়াত
- (২) সূরা 'আদিয়াত (উর্ধ্বশ্বাসে ধাবমান অশ্ব সমূহ) সূরা-১০০, মাক্কী:

بِسْمِ اللهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

وَالْعَادِيَاتِ ضَبْحًا (1) فَالْمُورِيَاتِ قَدْحًا (2) فَالْمُغِيرَاتِ صَبُحًا (3) فَأَثَرْنَ بِهِ نَقْعًا (4) فَوَسَطْنَ بِهِ جَمْعًا (5) إِنَّ الْعَادِيَاتِ ضَبْحًا (4) فَوَسَطْنَ بِهِ جَمْعًا (5) إِنَّ الْإِنْسَانَ لِرَبِّهِ لَكَنُودٌ (6) وَإِنَّهُ عَلَى ذَلِكَ لَشَهِيدٌ (7) وَإِنَّهُ لِحُبِّ الْخَيْرِ لَشَدِيدٌ (8) أَفَلَا يَعْلَمُ إِذَا بُعْثِرَ مَا فِي الْقُبُورِ (9) وَحُصِّلَ مَا فِي الصَّدُورِ (10) إِنَّ رَبَّهُمْ بِهِمْ يَوْمَئِذِ لَخَبِيرٌ (11)

উচ্চারণ: (১) ওয়াল 'আ-দিইয়া-তে যাবহান (২) ফালমূরিয়া-তে ক্লাদহান (৩) ফালমুগীরা-তে ছুবহা (৪) ফাআছারনা বিহী নার্ক'আন (৫) ফাওয়াসাত্বনা বিহী জাম'আ (৬) ইন্নাল ইনসা-না লেরবিবহি লাকানূদ (৭) ওয়া ইন্নাহূ 'আলা যা-লিকা লাশাহীদ (৮) ওয়া ইন্নাহূ লেহুবিলে খায়রে লাশাদীদ (৯) আফালা ইয়া'লামু এযা বু'ছিরা মা ফিল কুবূর (১০) ওয়া হুছছিলা মা ফিছ ছুদূর (১১) ইন্না রববাহুম বিহিম ইয়াওমাইযিল লাখাবীর। পরম করুণাময় অসীম দয়ালু আল্লাহর নামে (শুরু করছি)

অনুবাদ : (১) শপথ উর্ধ্বশ্বাসে ধাবমান অশ্ব সমূহের। (২) অতঃপর ক্ষুরাঘাতে অগ্নি বিচ্ছুরক অশ্বসমূহের। (৩) অতঃপর প্রভাতকালে আক্রমণকারী অশ্ব সমূহের (৪) যারা সে সময় ধূলি উৎক্ষেপন করে। (৫) অতঃপর যারা শক্রদলের অভ্যন্তরে ঢুকে পড়ে। (৬) নিশ্চয়ই মানুষ তার পালনকর্তার প্রতি অকৃতজ্ঞ। (৭) আর সে নিজেই (তার কর্মের দ্বারা) এ বিষয়ে সাক্ষী। (৮) নিশ্চয়ই সে ধন-সম্পদের মায়ায় অন্ধ। (৯) সে কি জানেনা, যখন উত্থিত হবে কবরে যা কিছু আছে? (অর্থাৎ সকল মানুষ পুনরুত্থিত হবে) (১০) এবং সবকিছু প্রকাশিত হবে, যা লুকানো ছিল বুকের মধ্যে। (১১) নিশ্চয়ই তাদের প্রতিপালক সেদিন (অর্থাৎ ক্রিয়ামতের দিন) তাদের কি হবে, সে বিষয়ে সম্যক অবগত।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9154

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন